

জরুরী নির্দেশনায় কী থাকছে এইচএসসি পরীক্ষার্থীদের?

অনলাইন ডেক্স

প্রকাশিত: ১৪:৪১, ৭ সেপ্টেম্বর ২০২৪; আপডেট: ১৬:৩১, ৭ সেপ্টেম্বর ২০২৪



পরীক্ষার হলে এইচএসসি পরীক্ষার্থীরা। ছবি: সংগৃহীত

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র চেম্প্যুটেলবার (৩ সেপ্টেম্বর) একটি বিজ্ঞপ্তি জারি করেছিল ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। পরদিন সেই বিজ্ঞপ্তির সংশোধনী দিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড।

UNIBOTS

পরীক্ষার্থীদের জেএসসি ও এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, এইচএসসি পরীক্ষা প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র সব পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও অধ্যক্ষদের বোর্ডে পাঠানোর জন্য বলা হয়েছে। ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সব তথ্য ১২ সেপ্টেম্বরের মধ্যে পাঠাতে হবে।

সংশোধিত জরুরি নির্দেশনাগুলো হলো—

- ▶ এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের নিচের তথ্য সব ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষদের পাঠাতে হবে।
- ▶ এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে (পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রেরণ করবেন। কোনো অবস্থাতেই ব্যবহারিক পরীক্ষা অজুহাতে পরীক্ষার্থীদের কলেজে আনা যাবে না)

১. সব পরীক্ষার্থীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT, বিষয় কোড-২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর (শ্রেণি কার্যক্রম চলাকালে প্রাপ্ত) অনলাইনে প্রেরণ করে এর প্রিন্টকর্ফ কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং মূল কপি ঢাকা শিক্ষা বোর্ডের উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

২. অনুষ্ঠিত পরীক্ষাগুলোতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক অনুপস্থিতি ও বহিষ্কার পরীক্ষার্থীদের তালিকা ঢাকা শিক্ষা বোর্ডের উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে জমা দিতে হবে।

৩. অনুষ্ঠিত পরীক্ষাগুলোতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক স্বাক্ষরলিপির একপি কেন্দ্রে সংরক্ষণ করে মূল কপি ঢাকা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের ক্ষেত্রে(সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ প্রেরণ করবেন)